

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর
সরকারি কার্যভবন-০১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
www.dsw.portal.gov.bd

স্মারক নম্বর: ১৮.২৭.১৫০০.২০০.১৬.০১২.২১.১৮৭

তারিখ: ৩ আশ্বিন ১৪২৯

১৮ সেপ্টেম্বর ২০২২

বিষয়: ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা সূচক ১.২.১ মোতাবেক ডাটাবেজ (ছক মোতাবেক) হালনাগাদ তথ্য প্রেরণ।

সূত্র: নৌপরিবহন মন্ত্রণালয়ের পত্র নং- ১৮.০০.০০০০.০৩৬.৯৯.০০১.১৭.৫৪, তারিখ:- ১৪ সেপ্টেম্বর, ২০২২খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম কর্তৃক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত তথ্যাদি নির্ধারিত ছকে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ক্র: নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডি য়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
০১.	নাবিক সন্তানদের বার্ষিক শিক্ষাবৃত্তির আবেদন অনলাইন ভিত্তিক করণ।	সীম্যান্স এডুকেশন ট্রাস্ট, চট্টগ্রাম এর আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নাবিক সন্তানদের আবেদন এর প্রেক্ষিতে বাৎসরিক এককালীন শিক্ষাবৃত্তি/অনুদান প্রদান করা হয়। পূর্বে উক্ত শিক্ষাবৃত্তি ম্যানুয়াল আবেদনের ভিত্তিতে কমিটি কর্তৃক বরাদ্দ প্রদান করা হত। বরাদ্দকৃত অর্থের চেক ডাকযোগে/ব্যাংক এর মাধ্যমে আবেদনকারীর স্ব-স্ব ঠিকানায় প্রেরিত হত। বর্তমান উক্ত শিক্ষাবৃত্তি প্রদান প্রক্রিয়ার আবেদন অনলাইন ভিত্তিক করণে তাদের অনুকূলে বরাদ্দকৃত টাকা EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে আবেদনকারীদের স্ব-স্ব ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হয়। এতে TCV (Time, Cost & Visit) অনেক কমে এসেছে।	হ্যাঁ	হ্যাঁ	https://scholarship.dsw.gov.bd	

০২.	<p>দুঃস্থ, অসুস্থ ও মৃত নাবিক পরিবারের সদস্যদের অসুস্থতায় চিকিৎসা, অক্ষমতা এবং মৃত নাবিকের দাফন-কাফন জনিত আর্থিক অনুদান এর আবেদন অনলাইন ভিত্তিক করণ।</p>	<p>নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তরাধীন নাবিক কল্যাণ তহবিল এর আওতায় দুঃস্থ, অসুস্থ ও মৃত নাবিক পরিবারের সদস্যদের অসুস্থতায় চিকিৎসা জনিত, অক্ষমতা জনিত এবং মৃত নাবিক এর দাফন-কাফন বিষয়ে আবেদনের প্রেক্ষিতে আর্থিক সহায়তা প্রদান করা হয়। পূর্বে উক্ত আর্থিক অনুদান ম্যানুয়াল আবেদনের ভিত্তিতে যাচাই-বাছাই কমিটির সুপারিশের আলোকে নাবিক কল্যাণ তহবিল পরিচালনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আর্থিক মঞ্জুরী প্রদান করা হত। মঞ্জুরীকৃত অর্থের চেক ডাকযোগে/ব্যাংক এর মাধ্যমে আবেদনকারীর স্ব-স্ব ঠিকানায়/ব্যাংক হিসাবে প্রেরিত হত। বর্তমানে উক্ত আর্থিক সাহায্য প্রদানের প্রক্রিয়া সহজিকরণের লক্ষ্যে আর্থিক সাহায্যের আবেদন অনলাইন ভিত্তিক করণে তাদের অনুকূলে বরাদ্দকৃত টাকা EFT (Electronic Fund Transfer) এর মাধ্যমে আবেদনকারীদের স্ব-স্ব ব্যাংক হিসাব নম্বরে প্রেরণ করা হয়। এতে TCV (Time, Cost & Visit) অনেক কমে এসেছে।</p>	হ্যাঁ	হ্যাঁ	https://financial-assist.dsw.gov.bd	
-----	---	---	-------	-------	---	--



১৮-৯-২০২২

সুমন বড়ুয়া

পরিচালক (উপসচিব)

সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
ঢাকা। [দৃষ্টি আকর্ষণ: প্রোগ্রামার (আইসিটি সেল)]

ফোন: ০২৩৩৩২৪৮৫৪, ০২৩৩৩২৩৮৩২

ফ্যাক্স: ০২৪১৩৭০৩০৬

ইমেইল: dswctg@gmail.com